



মাদকমুক্ত সুস্থ জীবন

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মাসিক বুলেটিন

সংখ্যা : ১০১

বর্ষঃ ১২

জুলাই-২০১৭

দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত

মাহে রমজান উপলক্ষে ১৯ জুন ২০১৭ তারিখে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উদ্যোগে মহাখাতী ডিওইচএসে অবস্থিত রাওয়া ক্লাব, মিলনায়তনে দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়। উক্ত দোয়া ও ইফতার মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের সচিব জনাব ফরিদ উদ্দীন আহমদ চৌধুরী।



রাওয়া ক্লাব মিলনায়তনে অনুষ্ঠিত দোয়া ও ইফতার মাহফিলে উপস্থিত সুরক্ষা ও সেবা বিভাগের সচিব, জনাব ফরিদ উদ্দীন আহমদ চৌধুরীসহ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ও অন্যান্য সংস্থার কর্মকর্তা।

উক্ত দোয়া ও ইফতার মাহফিলে সভাপতিত করেন জনাব সালাউদ্দিন মাহমুদ, মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। প্রধান অতিথির বক্তব্যে সুরক্ষা সেবা বিভাগের সচিব জনাব ফরিদ উদ্দীন আহমদ চৌধুরী বলেন, রোজা আমাদেরকে সংযম শিক্ষা দেয়। এই সংযমই আমাদেরকে নেশাজাতীয় দ্রব্য গ্রহণ করা থেকে বিরত রাখে। তিনি আরো বলেন রোজা ঢাল স্বরূপ। রোজার মূল শিক্ষাই হলো সকল প্রকার অনেসলামিক কার্যকলাপ থেকে নিজেকে বিরত রাখা। তিনি আশাবাদ ব্যক্ত করেন, রোজার শিক্ষায় শিক্ষিত হয়ে মানুষ সকল প্রকার নেশা জাতীয় দ্রব্য থেকে বিরত থাকবে। সভাপতির বক্তব্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালক জনাব সালাউদ্দিন মাহমুদ বলেন, রোজা আমাদেরকে আত্মনিয়ন্ত্রণের শিক্ষা দেয়, সংযমের শিক্ষা দেয়, রোজার এই শিক্ষা যদি মানুষ ব্যক্তি জীবনে বাস্তবায়ন করে তাহলে সে নেশা জাতীয় দ্রব্য গ্রহণ করতে পারে না। তিনি আরো বলেন, রোজার শিক্ষায় শিক্ষিত হয়ে সকল প্রকার নেশা থেকে বিরত থাকার চেষ্টা করতে হবে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সর্বস্তরের কর্মকর্তারা দোয়া ও ইফতার মাহফিলে অংশগ্রহণ করেন। উক্ত দোয়া ও ইফতার মাহফিলে দেশের শাস্তি, সমৃদ্ধি ও কল্যাণ কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।

১৮ তম ব্যাচের ইকো ট্রেনিং অনুষ্ঠিত

বাংলাদেশে মাদকাসক্তি রোগের চিকিৎসার মান উন্নয়নের জন্য কলমো প্লানের Universal Treatment Curriculum অনুসরণে মাদকাসক্তি নিরাময়

কেন্দ্র কর্মরত চিকিৎসক, নার্স ও রিকভারি এডিষ্ট ও সমাজসেবকদের দক্ষ ও প্রশিক্ষিত করে গতে তোলার লক্ষ্যে ২৫ জুলাই ২০১৭ হতে ৩ আগস্ট ২০১৭ পর্যন্ত জাতীয় মাস্টার ট্রেইনার দ্বারা ফিজিওলজি ও ফার্মাকোলজি কারিকুলাম এবং কনচিনিউয়াম অব কেয়ার এ দুটি বিষয়ের ওপর ১০ (দশ) দিনব্যাপী ১৮ তম ব্যাচে ইকো প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। কারিকুলাম দুটি ইংরেজি থেকে বাংলায় অনুবাদ করে এ প্রশিক্ষণ দেওয়া হয়।



২৫ জুলাই ২০১৭ তারিখে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়ের সম্মুখে ১৮ ব্যাচের ইকো ট্রেনিং শুরু হওয়ার পূর্ব প্রশিক্ষণার্থীদের সঙ্গে মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ

এ প্রশিক্ষণে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরাধীন লাইসেন্সপ্রাপ্ত ১৮৪ টি মাদকসক্তি নিরাময় কেন্দ্রের মধ্য থেকে ১৯ জন মালিক/ পরিচালক অংশগ্রহণ করেন।



২৫ জুলাই ২০১৭ তারিখে অধিদপ্তরের সম্মেলন কক্ষে মহাপরিচালক মহোদয় ১৮তম ব্যাচের ইকো ট্রেনিং কর্মসূচির শুরু উদ্বোধন করেন।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেডিক্যাল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ) থেকে ৬ (ছয়) জন, ট্রেইনি সাইকোলজিস্ট/ সাইকোথেরাপিস্ট, ৮ জন ফার্মাসিস্ট, সিটিমি থেকে ১ জনসহ মোট ৩৪ জন অংশগ্রহণ করেন।



৩ আগস্ট ২০১৭ তারিখে পরিচালক (প্রশাসন) মহোদয় ১৮ তম ব্যাচের ইকো প্রশিক্ষণার্থীদের মাঝে সেনদ বিতরণ করেন

নিরোধ শিক্ষামূলক কার্যক্রম ও প্রচারাভিযান

নিরোধ শিক্ষা অধিশাখার কার্যক্রম

জুন/ ২০১৭ পর্যন্ত সময়ে সারাদেশে বিভিন্ন মাধ্যমে মাদকবিরোধী প্রচারাভিযান সংক্রান্ত মাদকবিরোধী গণসচেতনতামূলক কার্যক্রমের তথ্যঃ

বিভাগীয় কার্যক্রমের নাম	সভা/ সেমিনার/ ওয়াকেশন	পোস্টার বিতরণের সংখ্যা	লিফলেট বিতরণের সংখ্যা	শর্ট ফিল্ম প্রদর্শন
ঢাকা	১০৫	৫৮৪০	২০৩০৫	৫০
চট্টগ্রাম	৮৫	১৯৫০	১৫৪২০	২০
রাজশাহী	২৫০	১৭৩০	১৩৩৫০	৪০
খুলনা	৫৮	২৩৬৫	১৪৬২০	১৪
বরিশাল	২৩	৬৫০	১৬০০	০৮
সিলেট	৩৯	৩২০	৩৫৫০	০৮
মোটঃ	৫৬০	১২৮৫৫	৬৬৮৪৫	১৩২

শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী কমিটি গঠন

জুন/ ২০১৭ পর্যন্ত সময়ে সারাদেশে শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী কমিটি গঠনসংক্রান্ত পরিসংখ্যান

বিভাগের নাম	বিদ্যালয় প্রতিষ্ঠানের সংখ্যা	কমিটি গঠিত হয়েছে এরূপ প্রতিষ্ঠানের সংখ্যা	কমিটি গঠিত হয়নি এমন প্রতিষ্ঠানের সংখ্যা	শৰ্টকরা হার
ঢাকা	৭৪৮৮	৫০১৬	২৪৭২	৬৬.৯৫%
চট্টগ্রাম	৮৭০৮	৪৩৭৬	৩৩২	৯২.৯৪%
রাজশাহী	১০১৭০	৮৯৫০	১২৫০	৮৮.০০%
খুলনা	৮৮৮৭	৩৮০৮	৬৮৯	৮৪.৮৬%
বরিশাল	৮০২৯	২২৮০	১৭৪৯	৫৬.৫৮%
সিলেট	১১৭৫	১১৭৫	-	১০০%
মোট	৩২০৫৭	২৫৬০৫	৬৪৫৬	৭৯.৮৬%



মাদকমুক্ত সুস্থ জীবন

মাসিক
বুলেটিন

উপদেষ্টা : মোঃ জামাল উদ্দীন আহমেদ
মহাপ্রিচালক

সম্পাদক : মোঃ মফিদুল ইসলাম
পরিচালক (নিরোধ শিক্ষা)

সহ-সম্পাদক: মোহাম্মদ রফিউল আমিন
সহকারী পরিচালক (গ: ও প্র:)

■ সংখ্যা : ১০১

■ বর্ষ : ১২

■ জুলাই : ২০১৭


কমিটি গঠন সংক্রান্ত তথ্য পর্যালোচনায় দেখা যাব যে, সবচেয়ে বেশি কমিটি গঠিত হয়েছে সিলেট বিভাগে (১০০%) এবং সবচেয়ে কম কমিটি গঠিত হয়েছে বরিশাল বিভাগে (৫৬.৫৮%).

মাদকবিরোধী সচেতনতামূলক কার্যক্রম

জুন/২০১৭ মাসে দেশব্যাপী যে মাদকবিরোধী কর্মসূচি পালন করা হয় তার কিছু সংবলিত্বঃ



১৩ জুন ২০১৭ তারিখে আসক্ত পূর্ণবাসন সংস্থা (আপস) কর্তৃক দোয়া ও ইফতার মাহফিলে উপস্থিত ছিলেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের রাজশাহী বিভাগীয় কার্যালয়ের অতিরিক্ত পরিচালক জনাব মজিবুর রহমান পাটওয়ারী



০৪ জুন ২০১৭ তারিখে ঢাকা জেলার কেরানীগঞ্জ থানাধীন কদমতলী মোড় এলাকায় মাদকবিরোধী লিফলেট বিতরণ করছেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মকর্তাগণ।



১৬ জুন ২০১৭ তারিখে দৌলতপুর থানাধীন আঙ্গুমান স্কুলে ছাত্র-ছাত্রীদের মাঝে মাদকবিরোধী বক্তব্য ও লিফলেট বিতরণ করেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দ



২১ জুন ২০১৭ তারিখে দারসসালাম জামে মসজিদ প্রাঙ্গণ, খুলনায় লিফস্টেট বিতরণ করছেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মকর্তাগণ।

অপারেশনাল কার্যক্রম

আইন-আদালত (জুন-২০১৭)
বিভাগ ভিত্তিক জুন-২০১৭ মাসের মামলা
ও আসামীয় পরিসংখ্যান

বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়ের নাম	নিয়মিত	জুন-২০১৭					
		মামলা	আসামী	মোবাইল কেট		মোট মামলা	মোট আসামী
				মামলা	আসামী		
বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, ঢাকা	১৬১	১৭০	৭৯	৭৯	২৪০	২৪৯	
বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, চট্টগ্রাম	৬৭	৭০	১২২	১২২	১৮৯	১৯২	
বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, খুলনা	৫৭	৬১	৮০	৮০	৯৭	১০১	
বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, রাজশাহী	১০৬	১২০	১১৫	১১৬	২২১	২৩৬	
গোয়েন্দা শাখা	২২	২৯	৯	৯	৩১	৩৮	
বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, সিলেট	১৯	১৮	২৯	২৯	৪৮	৪৭	
বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, বরিশাল	১০	১৩	৭	৭	১৭	২০	
মোট	৮৮২	৮৮১	৮০১	৮০২	৮৪৩	৮৮৩	

মামলা, আসামী ও উদ্বারকৃত মাদকদ্রব্যের পরিসংখ্যান জুন /২০১৭

ক্রঃ মাদকদ্রব্যের নাম
নং

জুন/২০১৭

	মামলা	আসামী	মাদকদ্রব্যের পরিমাণ	
১ হেরোইন	৮৮	৫০	৫.১৭৫	কেজি
২ গাঁজা	৩৪৫	৩৫৬	২১৩.৮৫৭	কেজি
৩ গাঁজাগাছ	১	১	৮	টি
৪ অবৈধ চোলাই মদ	৭৬	৭৮	৭৩৬.৭৫	লিটার
৫ ফার্মেটেড ওয়াশ (জাওয়া)	৬	৬	৫৫৬০	এ্যাম্পুল
৬ দেশী মদ/এ্যালকোহল	২	২	২	লিটার
৭ বিদেশী মদ	১	১	২	লিটার
৮ বিদেশী মদ	৮	১	৫৯	বোতল

ক্রঃ মাদকদ্রব্যের নাম
নং

জুন/২০১৭

	মামলা	আসামী	মাদকদ্রব্যের পরিমাণ	
৮ বিয়ার	২	২	৩২৩	ক্যান
৯ রেফিলাইডস্পরিট	২	২	১৫	লিটার
১০ ডিনেচার্ট স্প্রিট	৮০	৮০	১১১৪	লিটার
১১ কোভিনেরিম্ব্রেন (ফেসিডিল)	৮৬	৫৩	১২৯০	বোতল
১২ তরল ফেসিডিল	২	২	৩.৫	লিটার
১৩ তাড়ি (টেডি)	১২	১২	১৫৭	লিটার
১৪ পচুই	২	২	৫১০	লিটার
১৫ বুপ্রেনরফিন (টি.ডি. জেসিকইঞ্জেকশন)			এ্যাম্পুল	
১৬ বুপ্রেনরফিন (বনোজেসিকইঞ্জেকশন)			এ্যাম্পুল	
১৭ লুপিজেসিকইঞ্জেকশন	৬	৭	৩৩৮	এ্যাম্পুল
১৮ ইয়াবা টেবলেট	২২৫	২৫১	৫৯৮১৯	পিস
১৯ ডায়াজিপামট্যাব:	৩	৩	৭৮	পিস
২০ আইকন এক্স পি				বোতল
২১ এনার্জি ডিংকস (ইত্যাদি)	১১	১১	২৩২০	বোতল
২২ রিকোডেক্স/কড়োকপসিরাপ				বোতল
২৩ বাথর	২	২	৮৫০	পিস
২৪ অন্যান্য	৮	৮		
২৫ পিস্টল	১	১	১	টি
২৬ গুলি			৫	রাউন্ড
২৭ বন্দ অর্থ/ভারতীয় মুদ্রা			১৩১৯০০	টাকা
২৮ প্রাইভেটকার			১	টি
২৯ মোবাইল সেট			৩	টি
৩০ চাপাতি	১	১	৫	টি
৩১ মাইক্রোবাস			১	টি
৩২ ঝুমেরট্যাব:	১	১	২০	টি
৩৩ মোটর সাইকেল			২	টি
৩৪ বাইসাইকেল			২	টি
৩৫ মরফিন				এ্যাম্পুল
৩৬ ম্যাগাজিন			২	
মোট			৮৪৩	৮৯৩

রাজশাহীতে ১ কেজি ৫০০ গ্রাম হেরোইনসহ ২ জন আসামী গ্রেফতার

৯ জুন ২০১৭ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় জনাব মোহাম্মদ লুৎফুর রহমান, উপপরিচালক, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, রাজশাহীর নেতৃত্বে একটি রেইডিং টিম রাজশাহী জেলার শীতলাই বেলস্টেশনে ‘রাজশাহী এক্সপ্রেস’ ট্রেনে অভিযান চালিয়ে আসামী মোছাঃ ময়তাজ বেগম (৪৫), স্বামী মোঃ ইসমাইল হোসেন বুদু, সাং-মাদারপুর ডিংগাড়োবা, থানা-গোদাগাড়ী, জেলা- রাজশাহীর নিকট থাকা ভ্যানেটি ব্যাগের ভিতর পুরাতন কাপড় দ্বারা জড়ানো ০৮ (আট) টি পলিথিন প্যাকেটে প্রতি প্যাকেটে ১০০ (একশত) গ্রাম করে মোট ৮০০ (আটশত) গ্রাম হেরোইন, এবং বাংলাদেশী মুদ্রায় ৩,৫০০/- টাকা, ১টি পুরাতন নকিয়া মোবাইল সেট এবং আসামী মোছাঃ নাজমা ওরফে নাসিমা (৩৮), স্বামী ৪ মোঃ ইসরাফিল আলী, সাং- মাদারপুর, থানা-গোদাগাড়ী, জেলা-রাজশাহীর নিকটে থাকা একটি ভ্যানেটি ব্যাগের ভিতর পুরাতন কাপড় দ্বারা জড়ানো ০৭ (সাত) টি পলিথিন প্যাকেটে প্রতি প্যাকেটে ১০০ (একশত) গ্রাম করে মোট

৭০০ (সাতশত) গ্রাম হেরোইন জড় করা হয়। উভয়ের নিকট থেকে জড়কৃত সর্বমোট ১.৫ কেজি (দেড় কেজি) হেরোইনের আনুমানিক বাজার মূল্য দেড় কোটি টাকা। হেরোইন তরা গোদাগাড়ী হতে রাজশাহী শহরে বিক্রির উদ্দেশ্যে বহন করছিলেন।

এ ব্যাপারে রাজশাহী 'ক' সার্কেল পরিদর্শক জনাব খন্দকার নাজিম উদ্দিন বাদী হয়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ১৯৯০ এর ১৯ (১) এর ১(খ) ও ১৯(৪) ধারায় রাজশাহী রেলওয়ে থানায় একটি নিয়মিত মামলা কর্তৃ করে। যার নম্বর রেলওয়ে থানার মামলা নং- ০২, তারিখ ০৯/০৬/১৭। বর্তমানে আসামীয়দের রাজশাহী কেন্দ্রীয় কারাগারে আছে।

চট্টগ্রামে ৩৩০০ পিস ইয়াবা জন্দসহ আটক ২



৩৩০০ পিস ইয়াবা জন্দসহ আটক ২

১৬/০৬/২০১৭ তারিখে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস চট্টগ্রাম মেট্রোর সদস্যরা এক অভিযান পরিচালনা করে ৩৩০০ পিস ইয়াবা জন্দসহ দুই পাচারকারীকে আটক করে। এগুলোর মূল্য প্রায় ১০ লক্ষ টাকা। পাচারকারীরা পায়ের চেয়ে বড় সাইজের কেডস পড়ে মোজার মধ্যে বিশেষভাবে ইয়াবাণগুলো তুকিয়ে করুবাজার থেকে চট্টগ্রাম শহরে পাচার করছিল। কিন্তু রাত ১১.০০ টায় নগরীর কোত্তয়ালি থানাধীন ফিরিঙ্গিবাজার পিআইডব্লিউও অফিসের সামনে থেকে তাদের আটক করা হয়। আটককৃতরা হলেন- টেকনাফ উপজেলার মাজারপাড়া এলাকার মনোয়ার আলমের ছেলে রাসেল (২৬) ও সীতাকুন্ড উপজেলার সোনা পাহাড় এলাকার আলী আকাসের ছেলে রায়হান (২০)। এ ঘটনায় আটকদের বিরুদ্ধে কোত্তয়ালি থানায় মামলা করা হয়েছে।

চট্টগ্রাম নগরীর সদরঘাট থানাধীন বরিশাল কলোনি থেকে ৬৫০০ পিস ইয়াবা উদ্ধার



৬৫০০ পিস ইয়াবা উদ্ধার

১৪/০৬/২০১৭ তারিখ রাত ৯ টায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয় চট্টগ্রাম মেট্রোর সদস্যরা এক অভিযান পরিচালনা করে চট্টগ্রাম নগরীর সদরঘাট থানাধীন বরিশাল কলোনি থেকে সাড়ে ৬ হাজার পিস ইয়াবা উদ্ধার করেছে যার বর্তমান মূল্য প্রায় ১৯ লক্ষ টাকা। আগেই খবর পেয়ে মাদক ব্যবসায়ী নাইম পালিয়ে ঘাওয়ায় তাকে আটক করা যায়নি।

চট্টগ্রামে ১৯০০ পিস ইয়াবা জন্দসহ আটক ২



১৯০০ পিস ইয়াবা উদ্ধারসহ আটক ২

১৭/০৬/২০১৭ ইং তারিখ বিকাল ৪.০০ টায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, চট্টগ্রাম মেট্রো সদস্যদের এক সফল অভিযানে ১৯০০ পিস ইয়াবা জন্দসহ দুইজনকে আটক করা হয়।

রাজধানীর বনানী থেকে ২৪০ ক্যান বিয়ার ও ১২০০ পিস ইয়াবা উদ্ধারসহ আটক এক



২৪০ ক্যান বিয়ার ও ১২০০ পিস ইয়াবা উদ্ধারসহ আটক এক

২৯/০৬/২০১৭ ইং তারিখে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় গোয়েন্দা কার্যালয়ের সদস্যদের এক সফল অভিযানে রাজধানীর বনানী এলাকায় হতে ২৪০ ক্যান বিয়ার ও ১২০০ পিস ইয়াবা উদ্ধারসহ লিটন নামে একজনকে আটক করা হয়।

রাজধানীর গেন্ডারিয়া থানাধীন এলাকায় হতে ১২০ বোতল ফেনসিডিল ও ১ টি প্রাইভেটকারসহ আটক ৩



১২০ বোতল ফেনসিডিল ও ১ টি প্রাইভেট কার উদ্ধারসহ আটক ৩
১৫/০৬/২০১৭ ইং তারিখে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় গোয়েন্দা কার্যালয়ের সদস্যদের এক সফল অভিযানে রাজধানীর গেভারিয়া থানাধীন এলাকা থেকে ১২০ বোতল ফেনসিডিল ও ১ টি প্রাইভেট কার উদ্ধারসহ ঢাকার শীর্ষ ও মাদক ব্যবসায়ীকে আটক করা হয়।

রাজধানীর গেভারিয়া থানাধীন এলাকা হতে ১৩৯ বোতল ফেনসিডিল উদ্ধারসহ ১জন আটক



১৩৯ বোতল ফেনসিডিল উদ্ধারসহ আটক ১
১২/০৬/২০১৭ ইং তারিখে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় গোয়েন্দা কার্যালয়ের সদস্যদের এক সফল অভিযানে রাজধানীর গেভারিয়া থানাধীন এলাকা হতে ১৩৯ বোতল ফেনসিডিল উদ্ধারসহ একজন মহিলা আসামীকে আটক করা হয়।

রাজধানীর আজমপুর সুপার মার্কেট এলাকার অভিজাত ফ্ল্যাট থেকে কোকেন পাচারের ০৩ জন সক্রিয় সদস্য আটক



কোকেন পাচারের ০৩ জন সক্রিয় সদস্য আটক

মাদকমুক্ত সুস্থ জীবন

বিমান বন্দরের কার্পোরি ভিলেজ থেকে ৭৫০ গ্রাম কোকেন উদ্ধার হয়। কোকেনের চালানের গায়ে উল্লেখ করা ঠিকানাকে পলাতক আসামী করে মামলা দায়ের করা হয়। অনেকটা অস্পষ্ট প্রেক্ষাপটে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় গোয়েন্দা কার্যালয় ঢাকা এর মাধ্যমে তদন্ত শুরু হয়। চালান গ্রহীতার নামের ব্যক্তি নেই। শুরু হলো চালানে উল্লেখ করা মোবাইল নম্বর নিয়ে তদন্ত কার্যক্রম। অবশেষে প্রযুক্তিগত সহায়তায় রাজধানীর আজমপুর সুপার মার্কেট এলাকার অভিজাত ফ্ল্যাট থেকে ১০/০৬/২০১৭ইং তারিখে কোকেন পাচারের ০৩ জন সক্রিয় সদস্যকে আটক করা হয়।

চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জ থানাধীন এলাকা হতে ৪ কেজি

গাঁজাসহ আটক ১



৪ কেজি গাঁজাসহ আটক ১

১০/০৬/২০১৭ ইং তারিখে চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জ থানাধীন এলাকার কানশাট হতে গোমস্তাপুরগামী পাকা রাস্তার ওপর পুসকুনিনামক স্থানে গাড়ী তল্লাশীকালীন সময়ে রহনপুর মদ্রাসা পাড়ার মোঃ জাহাঙ্গীর (৪৬) কে ৪ কেজি গাঁজাসহ আটক করা হয়। অতঃপর শিবগঞ্জ থানায় একটি নিয়মিত মামলা দায়ের করা হয়।

রাজধানীর খিলগাঁও এলাকা হতে ১৬ কেজি গাঁজা ও ১টি পিকাপ ব্যানসহ আটক ৩



১৬ কেজি গাঁজা ও ১টি পিকাপ ব্যানসহ আটক ৩

১৫/০৬/২০১৭ ইং তারিখে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা মেট্রো উপতাপ্তি খিলগাঁও সার্কেল কর্তৃক খিলগাঁও এলাকা হতে ১৬ কেজি গাঁজা ও ১টি পিকাপ ব্যানসহ ৩ জন আসামীকে আটক করা হয়।

মাদক বিলোদনের মাধ্যম নয়-আত্মননের পথ।

চট্টগ্রামে ৫৮০০ পিস ইয়াবা উদ্ধার ও আটক ৩



আটক ৩ জন আসামী



৫৮০০ পিস ইয়াবা উদ্ধার

৩/০৬/২০১৭ ইং তারিখে ৩ জন ইয়াবা পাচারকার সুকোশলে ইয়াবা বুলেট তৈরী করে ৫৮০০ পিস ইয়াবা পেঠে ধারণ করে টেকনাফ থেকে চট্টগ্রাম শহরে পাচার করাকালীন সময়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, চট্টগ্রাম মেট্রো সদস্যদের সদস্যরা তাদেরকে আটক করে শ্রীগরে পাঠান।

চট্টগ্রামে ২০০০ পিস ইয়াবাসহ আটক ১



২০০০ পিস ইয়াবা উদ্ধারসহ আটক ১

০৬/০৬/২০১৭ তারিখ বিকাল ৫.০০ টায় এসি বাসের যাত্রী হয়ে এই ভদ্রলোক ২০০০ পিস ইয়াবা কঞ্চবাজার থেকে চট্টগ্রামে পাচার করা কালীণ সময়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, চট্টগ্রাম মেট্রো সদস্যদের কাছে হাতে নাতে ধরা পড়লেন। অতঃপর তাকে শ্রীগরে পাঠানো হয়।

চট্টগ্রামে কাজীর দেওরি এলাকা হতে ২০০০ পিস ইয়াবা উদ্ধারসহ আটক ১



২০০০ পিস ইয়াবাসহ আটক ১

০৬/০৬/২০১৭ ইং তারিখে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, চট্টগ্রাম মেট্রো সদস্যদের অভিযানে রাত ৮.০০ টায় চট্টগ্রাম শহরের কাজীর দেওরি এলাকা হতে ২০০০ পিস ইয়াবাসহ হাতে নাতে ১জন মাদক ব্যবসায়ীকে আটক করা হয়।

চট্টগ্রামে ২০০০ পিস ইয়াবাসহ আটক ২



২০০০ পিস ইয়াবা উদ্ধারসহ আটক ২

১১/০৬/২০১৭ ইং তারিখে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, চট্টগ্রাম মেট্রো সদস্যদের সফল অভিযানে বিকাল ৩.৩০ টায় চট্টগ্রাম শহরে ২০০০ পিস ইয়াবাসহ ২জনকে আটক করা হয়।

বগুড়ার কাহালু থানাধীন এলাকা হতে ৩০০ পিস ইয়াবাসহ আটক ১



৩০০ পিস ইয়াবা উদ্ধারসহ আটক ১

১৪/০৬/২০১৭ ইং তারিখে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, বগুড়া 'খ' সার্কেল, সাস্তাহার, বগুড়ার এক সফল অভিযানে কাহালু থানাধীন কালাই মোনপাড়া গ্রাম হতে ৩০০ পিস ইয়াবাসহ ১জন আসামীকে আটক করা হয়। অতঃপর কাহালু থানায় ১টি নিয়মিত মামলা দায়ের করা হয়।

চট্টগ্রামে ইন্ট্যাক দুধের কৌটায় ২০০০ পিস ইয়াবা উদ্ধারসহ আটক ১



ইন্ট্যাক দুধের কৌটায় ২০০০ পিস ইয়াবা উদ্ধারসহ আটক ১

১৪/০৬/২০১৭ ইং তারিখে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, চট্টগ্রাম মেট্রো সদস্যদের সফল অভিযানে চট্টগ্রামে ইন্ট্যাক দুধের কৌটায় ২০০০ পিস ইয়াবা পাচার করা কালীণ সময়ে হাতে নাতে ধরে পাচারকারীকে আটক করা হয়।

রাজধানীর গেড়ারিয়া থানাধীন এলাকা হতে ৬০০ পিস ইয়াবা উদ্ধারসহ আটক ১



৬০০ পিস ইয়াবা উদ্ধারসহ আটক ১

২১/০৬/২০১৭ ইং তারিখে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় গোয়েন্দা কার্যালয়ের সদস্যদের এক সফল অভিযানে রাজধানীর গেড়ারিয়া থানাধীন এলাকা হতে ৬০০ পিস ইয়াবা উদ্ধারসহ ১জন আসামীকে আটক করা হয়।

বগুড়ার নন্দীগ্রাম থানাধীন এলাকা হতে ২ কেজি গাঁজাসহ আটক ১



২ কেজি গাঁজাসহ আটক ১

০১/০৬/২০১৭ ইং তারিখে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, বগুড়া 'খ' সার্কেল, সাস্তাহার, বগুড়ার এক সফল অভিযানে নন্দীগ্রাম থানাধীন শেখের মাড়িয়া গ্রাম হতে ২ কেজি গাঁজাসহ ১জন মহিলা আসামীকে আটক করা হয়। অতঃপর নন্দীগ্রাম থানায় ১টি নিয়মিত মামলা দায়ের করা হয়।

প্রশাসন অধিশাখার কার্যক্রম

রাজস্ব আদায়

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত লাইসেন্সের মাধ্যমে প্রত্যক্ষভাবে রাজস্ব আদায় করা হয়। এছাড়া বিদেশ থেকে আমদানিকৃত বিভিন্ন প্রিকারসর কেমিক্যালস এর মাধ্যমে আমদানি, সাইকেট্রুপিক সাবস্ট্যাপ্স আমদানি উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ, খুচরা বিক্রয় এবং ব্যবহারের লাইসেন্স ফি থেকেও রাজস্ব আদায় করা হয়। অধিদপ্তরের বিভিন্ন অংশ হতে জুন '২০১৬ এবং জুন '২০১৭ সালের মাসভিত্তিক আদায়কৃত রাজস্বের তুলনামূলক বিবরণ নিম্নরূপ :

ক্রমিক নং	অঞ্চলের নাম	জুন' ২০১৬	জুন' ২০১৭
১	ঢাকা অঞ্চল	২৯৮৮৩৩৩০	৩০৫২১২৮৩
২	সিলেট অঞ্চল	৭৯৭৯৪৯২	৭১১৪৪৫৮
৩	চট্টগ্রাম অঞ্চল	১৩০২২৭০৫	১২০৯১৯০৬
৪	খুলনা অঞ্চল	৩১০৭১৭৪৮	২৯৬৮৮৪২০
৫	বরিশাল অঞ্চল	২০২৪৬০০	১৮৮৯২৮০
৬	রাজশাহী অঞ্চল	১৭০৯০১৭১	১৬২৪৩৬৮৬
	মোট	১০১৫৭২০৪৬	৯৭৫৪৯০৩৩

রাসায়নিক পরীক্ষা সংক্রান্ত কার্যক্রম

কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগারে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, পুলিশ, বিজিরি, কাস্টমস, র্যাব ও সিআইডিসহ সকল আইন প্রয়োগকারী সংস্থা কর্তৃক দায়েরকৃত মাদক অপরাধ সংক্রান্ত মামলার আলামত এবং শিল্পে ব্যবহার্য বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রিকারসর কেমিক্যালস এর রাসায়নিক পরীক্ষা সম্পন্ন করা হয়। জুন, ২০১৭ মাসের রাসায়নিক পরীক্ষার পরিসংখ্যান :

রাসায়নিক পরীক্ষার পরিসংখ্যান

অঞ্চলের/ সংস্থা নাম	জুন/ ২০১৭ তে নমুনার সংখ্যা	রাসায়নিক পরীক্ষা সম্পন্ন ও রিপোর্ট সরবরাহ	পেন্ডিং/ ছাগিত	পজিটিভ	নেগেটিভ	মোট	রিপোর্ট	--
ঢাকা অঞ্চল	২৪৪	২৩৮	--	২৩৮	--	১৫		
চট্টগ্রাম অঞ্চল	১১৬	১১৬	--	১১৬	--	১৩		
রাজশাহী অঞ্চল	১৫০	১৫০	--	১৫০	--	০৯		
খুলনা অঞ্চল	১৪৮	১৩৮	--	১৩৮	--	২১		
বাংলাদেশ পুলিশ	৬৭০১	৮৮৫১	--	৮৮৫১	--	৮০০০		
বর্ডার গার্ড								
বাংলাদেশ	--	--	--	--	--	--		
র্যাব	০২	০২	০২	--	--	--		
বাংলাদেশ								
রেলওয়ে পুলিশ	২২	১৭	--	১৭	--	১০		
অন্যান্য সংস্থা	--	--	--	--	--	--		
সিআইডি								
মোট	৭৩৮	৫৫২	--	৫৫২	--	৮০৬৮		

(সুত্র: মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার)

“কলমো ঘোষণা” জাতিসংঘের নতুন পদক্ষেপ

মোৎ মেহেন্দী হাসান

সহকারী পরিচালক (প্রশাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

আন্তর্জাতিকভাবে মাদক পাচারে ভারত মহাসাগরীয় অঞ্চলের সাউদার্ন রুট বহুল আলোচিত। “আফগানিস্তান থেকে উৎপাদিত হেরোইনের বেশীরভাগ পাকিস্তান, ইরান ও মধ্যপ্রাচ্যে যায়। পাকিস্তান ও ইরান থেকে আফ্রিকা, পূর্ব এশিয়া, দক্ষিণ পূর্ব এশিয়া ও ওশেনিয়া অঞ্চলে পাচার হয়। আফ্রিকা থেকে উত্তর আমেরিকা ও ইউরোপে এবং মধ্যপ্রাচ্য থেকে ইউরোপ, দক্ষিণ আমেরিকা ও পূর্ব এশিয়ায় পাচার হয়।” যা সাউদার্ন রুট নামে পরিচিত। মাদক পাচারকারীরা লতিন আমেরিকা ও আফ্রিকার পর এ অঞ্চলকে পাচারের ট্রানজিট ও বিপর্গনে সরবচেয়ে বেশী ব্যবহার করে। এ অঞ্চলেই গোল্ডেন ক্রিসেন্ট খ্যাত আফগানিস্তান, পাকিস্তান ও ইরান এবং গোল্ডেন ট্রায়াঙ্গল খ্যাত মায়ানমার, থাইল্যান্ড, লাওস, ভিয়েতনাম ও ক্যাম্বোডিয়া অবস্থিত। এখানে বিশেষ সবচেয়ে বেশী হেরোইন, মারিজুয়ানা ও এটিএস (ইয়াবা জাতীয় উত্তেজক মাদক) উৎপাদিত হয়।

UNODC Global Maritime Crime Programme (GMCP) এর তথ্যমতে, ২০১০ সালে চিহ্নিত সাউদার্ন রুট ব্যবহার করে মাদক ব্যবসায়িরা পূর্ব আফ্রিকায় মাদক সরবরাহ করে। ২০১০ থেকে ২০১২ সালের মধ্যে কেনিয়া ও তানজেনিয়ার উল্লেখযোগ্য (৫০ কেজির অধিক) ৬ টি হেরোইনের চালান আটক করা হয় যা সর্বমোট পরিমাণ প্রায় ৭০০ কেজি। শুধুমাত্র উল্লেখযোগ্য হেরোইন আটক করা হয় যা সর্বমোট পরিমাণ প্রায় ৭০০ কেজি। শুধুমাত্র উল্লেখযোগ্য হেরোইনের চালান আটক করা হয়। ২০১৪ সালে ৩৯৭১.৬ কেজি এবং ২০১৫ সালে ২৬১২.৫ কেজি জড় করা হয়। প্রায় ৮৭% হেরোইন পাচার নভেম্বর থেকে জুন মাসে এবং নৌপথে সংঘটিত হয়। জুন ২০১৬ তে মালদ্বীপে ২৯ কেজি, এপ্রিল ২০১৬ তে সিসিলিসে ৯৮.৫ কেজি, মার্চ ২০১৬ তে শ্রীলংকাতে ১০১ কেজি হেরোইন আটক করার ঘটনা সাউদার্ন রুট বিস্তৃতির ইন্সিট বহন করে। মাদক পাচারের সাথে জড়িবাদ ও তোপ্রোতভাবে জড়িত। মাদক ও অন্ত একই পথে পাচার হয়। তালেবান এবং আল-শাবাব জঙ্গি গোষ্ঠী মাদক পাচারে সরাসরি জড়িত। এসব জঙ্গিগোষ্ঠী মাদক পাচারে ব্যবহৃত রাষ্ট্রসমূহে নির্বিন্দু মাদক পাচারের জন্য প্রথমে আইন-শৃংখলার অবনতি ঘটায়, অতঃপর রাজনৈতিক ক্ষমতা পরিবর্তনের ঘট্টযন্ত্রে লিপ্ত হয়। বিগত তিনি বছরে ভারত মহাসাগরীয় অঞ্চলে অফিম দ্বারা উৎপাদিত প্রায় ৯,৩০০ কেজি মাদক আটক করা হয়। মাদক পাচারে জড়িত থাকায় এ অঞ্চলের লোকদের মধ্যে মাদক ব্যবহারের ক্রমবর্ধমান প্রবণতা পরিলক্ষিত হয়। ফলে এইচ আই ভি এবং হেপ্টাইটিস সি এর মত সংক্রান্ত রোগ দিন দিন বাঢ়ছে। আইন প্রয়োগকারী সংস্থাসমূহের গভীর সমন্বে অপর্যাপ্ত টহল, আটককৃত বিদেশী মাদক পাচারকারীদের বিচারের জন্য কঠোর আইন ব্যবস্থার অভাব এবং আন্তর্জাতিক সমূদ্রসমূহ অবৈধ মাদক পাচারে সহায়ক তৃমিকা পালন করছে। সুতরাং ভারত মহাসাগরীয় অঞ্চলকে “মাদকমুক্ত অঞ্চল” হিসাবে গড়ে তোলার লক্ষ্যে UNODC Global Maritime Crime Programme (GMCP) Gi Indian Ocean Forum on Maritime Crime (IOFMC) Gi AvEzVq Southern Route Partnership (SRP) নামে উদ্যোগ গ্রহণ করা হয়। ইতোমধ্যে বিভিন্ন আন্তর্জাতিক সংস্থাসমূহ অবৈধ মাদক পাচারের রুটগুলো বক্ষে কাজ করছে। জাতিসংঘ, মার্কিন যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ফ্রান্স, জার্মানী ও ক্রশ ফেডারেশনসহ অনেক আন্তর্জাতিক মাদকবিবেধী সংগঠন নিয়মিতভাবে মাদক নির্মূল কর্মকাণ্ড পরিচালনা করে। ভারত মহাসাগরীয় অঞ্চলের ২২টি রাষ্ট্রকে যৌথভাবে মাদকের চাহিদা ও যোগান হাসে সমন্বিত ও ভারসাম্যপূর্ণ কর্মকৌশল এবং রাজনৈতিক ঘোষণা প্রস্তুত ও গ্রহণ করার লক্ষ্যে ২৯ অক্টোবর ২০১৬ তারিখে শ্রীলংকার রাজধানী কলোন্টতে “High Level Meeting of Interior Ministers of the Indian Ocean Region to Counter Drug Trafficking” নামক একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার গৃহীত পদক্ষেপকে “কলমো ঘোষণা” নামে অভিহিত করা হয়। “কলমো ঘোষণা” তে মূলত ভারত মহাসাগরীয় উপকূলবর্তী দেশগুলোর মধ্যে মাদক পাচার বক্ষে (ক) বুকিপূর্ণ সমূদ্র পথ চিহ্নিত করা; (খ) বর্ষাকালীণ সময়ে নজরদারি বৃদ্ধি করা; (গ) আইন প্রয়োগকারী সংস্থা ও প্রসিকিউর কার্যকর দেশের অভাবের ও আন্তঃরাষ্ট্রীয় তদন্ত কার্যক্রম পরিচালনা বা অপারেশনাল সহায়তা গ্রহণ ও প্রদানের জন্য প্রয়োজনীয় প্র্যাকটিস ও প্রসিডিউর কার্যকর করা; (ঘ) নিয়ন্ত্রণ পাচার কৌশল মোকাবেলায় গোয়েন্দা সহায়তা ও তথ্য বিনিয়োগ; (ঙ) প্রিপাক্ষিক/বহুপ্রকাশক চুক্তির ভিত্তিতে যৌথ অভিযান পরিচালনা; (চ) যৌথ প্রশিক্ষণ ও অভিজ্ঞতা বিনিয়োগ করার জন্য সমর্থোত্তা স্মারক করার মত পদক্ষেপ গ্রহণ করার কথা বলা হয়। এরই ফলশ্রুতিতে আমাদের দেশে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের নেই ইউনিট গঠন করার জন্য UNODC Global Maritime Crime Unit স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করার কার্যক্রম গ্রহণ করেছে।

নিরোধ শিক্ষা, গবেষণা ও প্রকাশনা অধিশাখা, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ৪৪১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮ কর্তৃক প্রকাশিত।
ফোন: ০২-৮৮৭০০১১, ফ্যাক্স: ০২-৮৮৭০০১০, ই-মেইল: dgdncbd@gmail.com ওয়েবসাইট: www.dnc.gov.com